হরিণাকুণ্ডুতে ১০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাদ বাগান তৈরীর চেক বিতরণ

পরিবেশের ভারসাম্য রক্ষা ও শিক্ষার্থীদের পরিবেশপ্রেমী হিসেবে গড়ে তুলতে ঝিনাইদহের হরিণাকুণ্ডুর কয়েকটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছাদ বাগান তৈরীতে চেক বিতরণ করা হয়েছে।

বুধবার (২০ মে) সকালে উপজেলার চাঁদপুর মাধ্যমিক বিদ্যালয়ে শের আলী ফাউন্ডেশনের উদ্যোগে প্রতিষ্ঠান প্রধানদের মাঝে এ চেক বিতরণ করা হয়।

অনুষ্ঠানে হরিণাকুন্ডু উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার হাসান মাসুদ, শের আলী ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক জাহিদ হাসান, চাঁদপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল মজিদসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সেসময় উপজেলার ভাতুড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়সহ ১০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের হাতে ৫ হাজার টাকার চেক তুলে দেওয়া হয়।

আয়োজকরা জানান, বিদ্যালয়গুলোতে ছাদ বাগান তৈরির মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে পরিবেশ সচেতনতা বৃদ্ধি, সবুজায়ন সম্প্রসারণ এবং প্রকৃতির প্রতি ভালোবাসা তৈরি করাই এ উদ্যোগের মূল উদ্দেশ্য।

আলমডাঙ্গায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের

মাসিক সমন্বয় সভা

আলমডাঙ্গায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় আসন্ন নির্বাচনকে কেন্দ্র করে পোস্টাল ব্যালটে ভোটদানের পদ্ধতি ও গণভোট বিষয়ক বিস্তারিত আলোচনা করা হয়।

সোমবার সকাল সাড়ে ১০টার দিকে উপজেলা শিক্ষক সমিতির কার্যালয়ে আয়োজিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার পান্না আক্তার।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিন এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ এহসানুল হাবিব, বখতিয়ার উদ্দীন, রবিউল ইসলাম, সেলিম রেজা এবং বি এম রফিকুল ইসলাম।

উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার শাহজাহান রেজা এর উপস্থাপনায় বক্তব্য রাখেন জেলা প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক নাসির উদ্দীন এটম, উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি ইকবাল উদ্দীন আহম্মদ এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ হাফিজ।

সভায় প্রাথমিক শিক্ষার সার্বিক মানোন্নয়ন, বিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম এবং নিয়মিত দাপ্তরিক বিষয়াদি নিয়ে আলোচনা করা হয়। পাশাপাশি পোস্টাল ব্যালটে ভোট প্রদানের নিয়মাবলি সম্পর্কে প্রধান শিক্ষকদের বিস্তারিতভাবে অবহিত করা হয়। একই সঙ্গে গণভোট বিষয়ে সচেতনতা বৃদ্ধির ওপরও গুরুত্বারোপ করা হয়।

সভায় উপস্থিত প্রধান শিক্ষকরা আলোচ্য বিষয়গুলো মনোযোগসহকারে শোনেন এবং বিভিন্ন প্রশ্নের মাধ্যমে নিজেদের মতামত ও জিজ্ঞাসা তুলে ধরেন। সমন্বয় সভায় মোট ১৩৯ জন প্রধান শিক্ষক উপস্থিত ছিলেন।

গাংনীতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কমপ্লিট শাটডাউন কর্মসূচির পর মানববন্ধন

তিন দফা দাবি বাস্তবায়নে দীর্ঘস্থায়ী অগ্রগতি না পাওয়ায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষকেরা শাটডাউন কর্মসূচির দ্বিতীয় দিনে মানববন্ধন করেছেন মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা।

আজ বৃহস্পতিবার (৪ ডিসেম্বর) বেলা সাড়ে ১১টার সময় গাংনী উপজেলা পরিষদের শিল্পকলা একাডেমির সামনে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে গাংনী উপজেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শতাধিক সহকারি শিক্ষক অংশ নেন।

মানববন্ধনে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি আক্তারুজ্জামান বকুল। এ সময় সাধারণ সম্পাদক সেলিমুজ্জামানসহ শিক্ষক নেতারা উপস্থিত ছিলেন।

তিন দফা দাবি বাস্তবায়নে দীর্ঘস্থায়ী অগ্রগতি না পাওয়ায় এবং তিন শিক্ষক নেতাকে শোকজ নোটিশ দেওয়ার প্রতিবাদে আজ বৃহস্পতিবার (৪ ডিসেম্বর) শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষা বন্ধ রেখে মেহেরপুরের ৩০৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষকদের ‘শাটডাউন’ কর্মসূচি দ্বিতীয় দিনের মতো চলছে। গতকাল বুধবার সহকারি শিক্ষকরা বিদ্যালয়ে উপস্থিত ছিলেন, কিন্তু আজ বৃহস্পতিবার কাউকে পাওয়া যায়নি।

প্রাথমিক শিক্ষক দাবি বাস্তবায়ন পরিষদের উদ্যোগে দ্বিতীয় দিনের মতো বার্ষিক পরীক্ষা স্থগিত রয়েছে। সরেজমিনে বিদ্যালয়গুলোতে দেখা গেছে, প্রধান শিক্ষকরা বিদ্যালয়ে থাকলেও সহকারি শিক্ষকরা শ্রেণীকক্ষগুলোতে তালা মেরে চলে গেছেন। শুধুমাত্র প্রধান শিক্ষকরা বাইরে ঘোরাঘুরি করছেন।

মেহেরপুর জেলায় ৩০৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে সহকারি শিক্ষক রয়েছেন ২০০০ জন।

মেহেরপুরের চকশ্যামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মা সমাবেশ

প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন, মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ ও ঝরেপড়া রোধের লক্ষ্যে এবং শিশুদের বিদ্যালয়মুখী করা ও অনিয়ম দূর করতে গতকাল রবিবার মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে “মা সমাবেশ” অনুষ্ঠিত হয়।

সমাবেশে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মোছা: হালিমা খাতুন। এতে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়ার্ড পর্যায়ের ওয়াচ গ্রুপের সভাপতি মো. ইসমাইল হোসেন এবং বিদ্যালয় পরিচালনা পর্ষদের (পিটিএ) সভাপতি বারকে আলী।

সমাবেশে বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, স্থানীয় জনপ্রতিনিধি, এসএমসি সদস্য, ওয়াচ গ্রুপ সদস্য ও শিক্ষার্থীদের মা-বাবারা উপস্থিত ছিলেন।

সভায় বিশেষভাবে আলোচনা করা হয় মায়েদের দায়িত্ব ও করণীয় বিষয়ে এবং বাল্যবিয়ে প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয়তা নিয়ে। মানব উন্নয়ন কেন্দ্র (মউক)-এর প্রোগ্রাম ম্যানেজার মোছা: কাজল রহমান তার বক্তব্যে বলেন, “শিশুদের নিয়মিত স্কুলে উপস্থিতি নিশ্চিত করা, সামাজিক আচরণ শেখানো এবং একজন সচেতন নাগরিক হিসেবে গড়ে তোলা প্রাথমিক বিদ্যালয় থেকেই শুরু হয়। আর এই কাজে মায়েদের ভূমিকা গুরুত্বপূর্ণ।”

এছাড়াও বিদ্যালয়ের সার্বিক উন্নয়নে করণীয় বিষয়ে পিটিএ সদস্য ও অভিভাবকগণ তাদের মতামত তুলে ধরেন।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এই অনুষ্ঠানের আয়োজন করে। আয়োজনে সার্বিক দায়িত্ব পালন করেন প্রোগ্রাম অফিসার আশিক বুল্লাহ ও চাঁদতারা।